গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৩.২০১৭- ৬৭২

তারিখঃ ০৪ পৌষ ১৪২৪ / ১৮ ডিসেম্বর ২০১৭

বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট এবং এর আওতাধীন অধিদপ্তরসমূহে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, নির্দেশনা ও অনুশাসন বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রক্ষিতে জানানো যাচ্ছে যে, ১০ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, নির্দেশনা ও অনুশাসন বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামি ০১-০১-২০১৮ তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি ও সফট কপি (Nikosh/NikoshBan font ১৩ সাইজে) ই-মেইল (admin3@ssd.gov.bd) এবং পেনড্রাইভে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

১৮.১২.১৭
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব ....(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব ....(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব/উপপ্রধান......................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান ....(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৯। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা ,সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১১। সহকারী সচিব......................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপিঃ

সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির নভেম্বর' ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. রাখাল চন্দ্র বর্মণ, অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বে), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ১০ ডিসেম্বর ২০১৭, বেলা ১০.৩০ টায়
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। চলমান প্রকল্পসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে এগিয়ে নেয়ার লক্ষ্যে তিনি উপস্থিত সকলকে অনুরোধ করেন। অত:পর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অধিদপ্তরওয়ারী মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

২। ১২ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

আলোচ্যসূচি			সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
গত সভার (অক্টোবর ২০১৭) কার্যবিবরণী নিশ্চিতকরণ			অক্টোবর ২০১৭ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়।	
ক্রন:	অধিদপ্তরের নাম	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা/অনুশাসন		
১	কারা অধিদপ্তর (প্রতিশ্রুতি-৬টি)	প্রতিশ্রুতি-০১: বন্দিদের উৎপাদিত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ হতে মজুরী প্রদানের ব্যবস্থা করা।	• উৎপাদিত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ ব্যবস্থাপনা করার জন্য কারা অধিদপ্তর থেকে প্রাপ্ত কর্ম পদ্ধতি পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা; • কারা শিল্পে নিয়োজিত বন্দিদের দ্বারা উৎপাদিত দ্রব্য সামগ্রী থেকে অর্জিত লভ্যাংশের ৫০% কারা বন্দিদের দেয়ার প্রস্তাব পুনঃ বিবেচনার বিষয়টি নিয়ে জনাব সুরাইয়া আক্তার, ভারপ্রাপ্ত সহকারী কারা মহা পরিদর্শক(আইন), কারা অধিদপ্তর ও জনাব শিরীন রুবী, উপসচিব (কারা) কর্তৃক অর্থ বিভাগের সাথে ব্যক্তিগত যোগাযোগ করা।	কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ অতিরিক্ত কারা মহাপরিচালক (উন্নয়ন) এবং উপসচিব (কারা), সুরক্ষা সেবা বিভগ সমন্বিতভাবে বাস্তবায়ন করবেন।
		প্রতিশ্রুতি -০২: কারা কর্মচারিদের ছেলে মেয়েদের জন্য স্কুল বাস প্রদান করা হবে, প্রয়োজনে নতুন স্কুল নির্মাণ।	• পরিকল্পনা কমিশনের সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি যথাযথভাবে পুনর্গঠন করা হয়েছে কিনা সেটা পরীক্ষা নিরীক্ষা করে মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করা; • বার বার পত্রালাপ না করে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে নির্ভুলভাবে ডিপিপি প্রণয়ন করা, যাতে পরিকল্পনা কমিশন থেকে ডিপিপি ফেরৎ না আসে; • ১৫-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি রিভিউ সভায় সিদ্ধান্ত হয় যে, "ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র (৩য় সংশোধিত) বিষয়ে পরিকল্পনা কমিশনের সুপারিশ এবং এতদসংক্রান্ত	কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ

আলোচ্যসূচি			সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
			বিধি বিধানের আলোকে কারা মহাপরিদর্শক সংশ্লিষ্ট সকল পক্ষকে নিয়ে সভা করে মন্ত্রণালয়ে অবিলম্বে প্রতিবেদন প্রেরণ করা।	
		প্রতিশ্রুতি-৩ : সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কারাগারের কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি	• কারা মহাপরিদর্শক কর্তৃক জনবল বৃদ্ধির প্রস্তাব এবং কর্ম পরিকল্পনা বাস্তবায়নের কর্মকৌশল যত তাড়াতাড়ি সম্ভব মন্ত্রণালয়ে প্রেরণ করা; • কারা অধিদপ্তরের সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে ইতোপূর্বে গঠিত কমিটি কর্তৃক কর্মপরিকল্পনা দাখিল করা; • কারা অধিদপ্তর, ঢাকা এর জন্য ১৩৫ সংখ্যক অতিরিক্ত কর্মকর্তা/কর্মচারীর পদ সৃজন সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা; • কারাগারের ধারণ ক্ষমতা অনুযায়ী ক্যাটাগরি করে জনবল বৃদ্ধির প্রস্তাব ঠিক করা।	কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ
		প্রতিশ্রুতি-৪ : কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।	প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য প্রণীত ডিপিপির ত্রুটি-বিচ্যুতি দূর করে সংশোধিত ডিপিপি দ্রুত প্রেরণ করা।	কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ
		প্রতিশ্রুতি-৫ : কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা কর্মচারী ও সর্বসাধারণের জন্য ২০০-২৫০ শয্যার হাসপাতাল স্থাপন	হাসপাতাল স্থাপনের জন্য প্রণীত ডিপিপির ত্রুটি-বিচ্যুতি দূর করে আগামী সভার পূর্বেই সংশোধিত আকারে ডিপিপি পুনর্গঠনপূর্বক প্রেরণের ব্যবস্থা করা।	কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ
		প্রতিশ্রুতি-৬ : কারারক্ষিদের বিশেষ করে মহিলা কারারক্ষিদের থাকার ভাল ব্যবস্থা করতে হবে।	• প্রকল্পসমূহ বাস্তবায়ন তরান্বিত করা; • যে সকল কারাগারের কাজ এখনো শুরু হয়নি তা দ্রুততার সাথে আরম্ভ করা; • সকল কারাগারে মহিলা কারারক্ষীদের একই রকম আবাসিক সুযোগ-সুবিধা নিশ্চিত করা; • কাজের গতি বৃদ্ধি করে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাগুলো দ্রুত বাস্তাবায়ন করা।	কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ
২	কারা অধিদপ্তর (নির্দেশনা-০৩টি)	নির্দেশনা-১: বিভিন্ন মামলায় মৃত্যুদন্ডপ্রদত্ত আদেশগুলো দ্রুত কার্যকর করতে উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে আলাদা সেলগঠন এবং আইন মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করা।	• আইন মন্ত্রণালয়ের সাথে পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত ফলোআপ করা; • মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত বন্দিদের বিভিন্ন আদালতে চলমান ডেথরেফারেন্স এবং আপীল মামলাসমূহ দ্রুত নিস্পত্তিও করণীয় বিষয় নির্ধারণের জন্য গঠিত মনিটরিং কমিটির সদস্যগণ কর্তৃক সার্বিক বিষয় ব্যক্তিগত যোগাযোগ করে মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা; • সাক্ষ্য আইন ও সিআরপিসির কতিপয় ধারা সংশোধন/পরিমার্জন/পরিবর্তনকরণে জনাব শিরীন রুবী, উপসচিব (কারা) ও জনাব মোহাম্মদ আজিম, উপসচিব (প্রশাসন-১) সমন্বিতভাবে কাজ করা।	কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ/উপসচিব(কারা)/উপসচিব(প্রশাসন-১)
		নির্দেশনা-২ : কেরানীগঞ্জে কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর কারাগারের বিদ্যমান জায়গায় শীঘ্রই নতুন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	• বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর এবং জাতীয় চার নেতার স্মৃতি যাদুঘরসহ গৃহীত পরিকল্পনা ডিসেম্বর'২০১৮ এর মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করার কর্মপরিকল্পনা প্রণয়ন করা ; • এ বিষয়ে দ্রুত ডিপিপি প্রণয়ন করা; • ৩০ নভেম্বর, ২০১৭ এর মধ্যে ডিপিপি চূড়ান্ত করা;	কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ